# নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

নোয়াখালী-৩৮১৪

নোবিপ্রবি/রেজি/সং-শা/কনি/১৫৫/২০২৫/১১২৬৫ ১৬ এপ্রিল ২০২৫

## নিয়োগ বিজ্ঞপ্তি

**নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের নিম্নোক্ত স্থায়ী ও শুন্যপদের বিপরীতে কর্মকর্তা ও কর্মচারী পদ পূরণের লক্ষ্যে বর্ণিত যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের নাগরিকদের নিকট হতে এই বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:**

| ক্রমিক | পদের নাম, বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫) | শূন্য পদ | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ০১ | পরীক্ষা নিয়ন্ত্রক<br>(গ্রেড-৩, জাতীয় বেতন কাঠামো ২০১৫: ৫৬,৫০০-৭৪,৪০০) | ০১টি | **শিক্ষাগত যোগ্যতা ঃ** প্রার্থীকে বাংলাদেশের অথবা বিদেশের কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অর্নাসসহ স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রির অধিকারী হতে হবে। স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে কমপক্ষে দ্বিতীয় শ্রেণি/সিজিপিএ-২.৭৫ থাকতে হবে। এসএসসি ও এইচএসসি উভয় ক্ষেত্রে কমপক্ষে দ্বিতীয় বিভাগ/জিপিএ-৩.০ থাকতে হবে। স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি পর্যায়ের যে কোন একটিতে প্রথম শ্রেণি/সমমানের গ্রেড প্রাপ্তদের এবং পিএইচডি ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেয়া হবে।<br>**অভিজ্ঞতা ঃ** কোন সরকারি/স্বায়ত্তশাসিত/বেসরকারি বিশ্ববিদ্যালয়ে ১ম শ্রেণির কর্মকর্তা হিসেবে কমপক্ষে ১৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। এর মধ্যে উপ-পরীক্ষা নিয়ন্ত্রক/সমমর্যাদাসম্পন্ন পদে কমপক্ষে ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। তবে পরীক্ষা সংক্রান্ত কাজে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। বয়স ন্যূনতম ৪০ বছর। |
| ০২ | ডেপুটি রেজিস্ট্রার<br>(গ্রেড-৫, জাতীয় বেতন কাঠামো ২০১৫: ৪৩,০০০-৬৯,৮৫০) | ০১টি | **শিক্ষাগত যোগ্যতা ঃ** ৪ বছরের সম্মানসহ স্নাতকোত্তর ডিগ্রি/৩ বছরের সম্মানসহ স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি, স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে ন্যূনপক্ষে দ্বিতীয় শ্রেণি/সিজিপিএ ২.৭৫ থাকতে হবে। স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি পর্যায়ের যে কোন একটিতে প্রথম শ্রেণি/সিজিপিএ ৩.০ প্রাপ্তদের অগ্রাধিকার দেয়া হবে। এসএসসি ও এইচএসসিতে কমপক্ষে দ্বিতীয় বিভাগ/জিপিএ-৩.০ থাকতে হবে।<br>**অভিজ্ঞতা ঃ** সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে/বিশ্ববিদ্যালয়/স্বনামধন্য বেসরকারি প্রতিষ্ঠানে শিক্ষা/প্রশাসন সংক্রান্ত কাজে কর্মকর্তা হিসেবে ১০ বছরের অভিজ্ঞতা তন্মধ্যে সহকারী রেজিস্ট্রার/সমমানের কর্মকর্তা হিসেবে ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়সসীমা ন্যূনতম ৩৫ বছর। |
| ০৩ | নির্বাহী প্রকৌশলী (সিভিল)<br>(গ্রেড-৬, জাতীয় বেতন কাঠামো ২০১৫: ৩৫,৫০০-৬৭,০১০) | ০১টি | **শিক্ষাগত যোগ্যতা: ন্যূনতম** দ্বিতীয় শ্রেণির/সিজিপিএ-২.৭৫ সহ বিএসসি ইঞ্জিনিয়ারি (সিভিল) ডিগ্রি। তবে প্রথম শ্রেণি/সিজিপিএ ৩.০ প্রাপ্ত ডিগ্রিধারী/এমএস ডিগ্রি বা দীর্ঘমেয়াদী উচ্চতর প্রশিক্ষণপ্রাপ্ত প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। এসএসসি ও এইচএসসিতে কমপক্ষে দ্বিতীয় বিভাগ/জিপিএ ৩.০ থাকতে হবে।<br>**অভিজ্ঞতা:** সংশ্লিষ্ট পদে কমপক্ষে ৭ বছরের অভিজ্ঞতা তন্মধ্যে কোন সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান/বিশ্ববিদ্যালয়ে/স্বনামধন্য বেসরকারি প্রতিষ্ঠানে সহকারী প্রকৌশলী হিসেবে কমপক্ষে ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়সসীমা ন্যূনতম ৩৫ বছর। |
| ০৪ | সহকারী প্রকৌশলী (সিভিল)<br>(গ্রেড- ৯, জাতীয় বেতন কাঠামো ২০১৫: ২২,০০০-৫৩,০৬০) | ০১টি | **শিক্ষাগত যোগ্যতা: ন্যূনতম** দ্বিতীয় শ্রেণির/সিজিপিএ-২.৭৫ সহ বিএসসি ইঞ্জিনিয়ারি (সিভিল) ডিগ্রি। তবে প্রথম শ্রেণি/সিজিপিএ ৩.০ প্রাপ্ত ডিগ্রিধারী/এমএস ডিগ্রি বা দীর্ঘমেয়াদী উচ্চতর প্রশিক্ষণপ্রাপ্ত প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। এসএসসি ও এইচএসসিতে কমপক্ষে দ্বিতীয় বিভাগ/জিপিএ ৩.০ থাকতে হবে।<br>অথবা<br>সংশ্লিষ্ট বিষয়ে ৪ বছর মেয়াদী ডিপ্লোমা ডিগ্রি। এসএসসি ও এইচএসসিতে কমপক্ষে দ্বিতীয় বিভাগ/জিপিএ ৩.০ থাকতে হবে এবং সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে/বিশ্ববিদ্যালয়ে/স্বনামধন্য বেসরকারি প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট ক্ষেত্রে উপসহকারী প্রকৌশলী হিসেবে কমপক্ষে ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়সসীমা অনূর্ধ্ব ৩২ বছর। |
| ০৫ | কম্পিউটার অপারেটর<br>(গ্রেড-১১, জাতীয় বেতন কাঠামো ২০১৫: ১২,৫০০-৩০,২৩০) | ০১টি | **শিক্ষাগত যোগ্যতাঃ কমপক্ষে** দ্বিতীয় শ্রেণির/সিজিপিএ-২.৭৫ সহ স্নাতক ডিগ্রি। সরকার স্বীকৃত প্রতিষ্ঠান হতে কমপক্ষে ৬ মাস মেয়াদী প্রশিক্ষণ সনদ থাকতে হবে।<br>অথবা<br>সর্বস্তরে কমপক্ষে দ্বিতীয় বিভাগ/জিপিএ ২.৭৫ সহ এসএসসি পাশ ও স্বীকৃত ইনস্টিটিউট/প্রতিষ্ঠান থেকে কম্পিউটার সায়েন্সে ডিপ্লোমা থাকতে হবে।<br>অভিজ্ঞতা: কোন সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে/বিশ্ববিদ্যালয়ে/স্বনামধন্য বেসরকারি প্রতিষ্ঠানে অফিস ম্যানেজমেন্ট প্রোগ্রামে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে। কম্পিউটার অপারেটর পদে অবশ্যই প্রতি মিনিটে বাংলায় ২৫টি এবং ইংরেজিতে ৩০টি শব্দ কম্পিউটার কম্পোজ করার দক্ষতা থাকতে হবে। বয়সসীমা অনূর্ধ্ব ৩২ বছর। |
| ০৬ | ফোরম্যান (পরিবহন পুল)<br>(গ্রেড-১১, জাতীয় বেতন কাঠামো ২০১৫: ১২,৫০০-৩০,২৩০) | ০১টি | **শিক্ষাগত যোগ্যতা:** সর্বস্তরে কমপক্ষে দ্বিতীয় বিভাগ/জিপিএ ২.৭৫ সহ এইচএসসি পাশ। অটোমোবাইল/মেকানিক্যাল বিষয়ে ২ বছরের ট্রেড কোর্স।<br>সংশ্লিষ্ট পদে অভিজ্ঞ প্রার্থীদের বেলায় শিক্ষাগত যোগ্যতা শিথিল করা যেতে পারে।<br>অভিজ্ঞতা: কোন সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে/বিশ্ববিদ্যালয়/স্বনামধন্য বেসরকারি প্রতিষ্ঠানে ড্রাইভার বা পরিবহন ব্যবস্থাপনা সংক্রান্ত কাজে কমপক্ষে ৮ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়সসীমা অনূর্ধ্ব ৩২ বছর। |
| ০৭ | টেকনিশিয়ান (এসি)<br>(গ্রেড-১১, জাতীয় বেতন কাঠামো ২০১৫: ১২,৫০০-৩০,২৩০) | ০১টি | **শিক্ষাগত যোগ্যতা:** সর্বস্তরে কমপক্ষে দ্বিতীয় বিভাগ/জিপিএ ২.৭৫ সহ বিজ্ঞান বিভাগে এইচএসসি পাশসহ সরকার অনুমোদিত কোনো প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে কমপক্ষে ৬ মাস মেয়াদী ট্রেড কোর্স পাস হইতে হবে।<br>অথবা<br>প্রার্থীকে সংশ্লিষ্ট বিষয়ে এসএসসি ভোকেশনাল/বিজ্ঞান বিভাগে এসএসসি পরীক্ষা পাশসহ সরকার অনুমোদিত কোনো প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে কমপক্ষে ৬ মাস মেয়াদী ট্রেড কোর্স পাস হইতে হবে।<br>অথবা<br>সংশ্লিষ্ট বিষয়ে ৪ বছর মেয়াদী ডিপ্লোমা।<br>অভিজ্ঞতা: সকল প্রার্থীকে সংশ্লিষ্ট কাজে ০৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়সসীমা অনূর্ধ্ব ৩২ বছর। |
| ০৮ | ক্যাফেটেরিয়া ম্যানেজার<br>(গ্রেড-১১, জাতীয় বেতন কাঠামো ২০১৫: ১২,৫০০-৩০,২৩০) | ০১টি | **শিক্ষাগত যোগ্যতা:** কমপক্ষে দ্বিতীয় শ্রেণি/সিজিপিএ-২.৭৫ সহ স্নাতক ডিগ্রি এবং সহকারী ক্যাফেটেরিয়া ম্যানেজার পদে কমপক্ষে ৪ (চার) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।<br>অথবা<br>এসএসসি/এইচএসসি পাশ ও সহকারী ক্যাফেটেরিয়া ম্যানেজার পদে কমপক্ষে ৬ (ছয়) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়সসীমা অনূর্ধ্ব ৩২ বছর। |

| | | | |
|---|---|---|---|
| ০৯ | নিরাপত্তা সুপারভাইজার/নিরাপত্তা পরিদর্শক<br>(গ্রেড-১৩, জাতীয় বেতন কাঠামো ২০১৫: ১১,০০০-২৬,৫৯০) | ০১টি | **শিক্ষাগত যোগ্যতা:** কমপক্ষে দ্বিতীয় শ্রেণি/সিজিপিএ ২.৭৫সহ স্নাতক ডিগ্রি। এসএসসি ও এইচএসসিতে কমপক্ষে দ্বিতীয় বিভাগ/জিপিএ ২.৭৫ থাকতে হবে।<br>অথবা<br>নায়েক সুবেদারের নিম্নে নহে এমন প্রাক্তন সামরিক, পুলিশ বা আনসার বাহিনীর সদস্য।<br>**অভিজ্ঞতা ঃ কোন স্বীকৃত প্রতিষ্ঠানে** সংশ্লিষ্ট পদে কমপক্ষে ০২ বছরের অভিজ্ঞতা।<br>বয়সসীমা অনূর্ধ্ব ৩২ বছর। তবে প্রাক্তন সামরিক, পুলিশ বা আনসার বাহিনীর ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য। |
| ১০ | পরিচ্ছন্নতা কর্মী সুপারভাইজার<br>(গ্রেড-১৩, জাতীয় বেতন কাঠামো ২০১৫: ১১,০০০-২৬,৫৯০) | ০১টি | **শিক্ষাগত যোগ্যতা: কমপক্ষে** দ্বিতীয় শ্রেণি/সিজিপিএ ২.৭৫ সহ স্নাতক ডিগ্রি। এসএসসি ও এইচএসসিতে কমপক্ষে দ্বিতীয় বিভাগ/জিপিএ ২.৭৫ থাকতে হবে।<br><br>**অভিজ্ঞতা ঃ কোন স্বীকৃত প্রতিষ্ঠানে** সংশ্লিষ্ট পদে কমপক্ষে ০২ বছরের অভিজ্ঞতা।<br>বয়স অনূর্ধ্ব ৩২ বছর। |
| ১১ | সুপারভাইজার (পরিবহন পুল)<br>(গ্রেড-১৩, জাতীয় বেতন কাঠামো ২০১৫: ১১,০০০-২৬,৫৯০) | ০১টি | **শিক্ষাগত যোগ্যতা: কমপক্ষে** দ্বিতীয় শ্রেণি/সিজিপিএ ২.৭৫ সহ স্নাতক ডিগ্রি। এসএসসি ও এইচএসসিতে কমপক্ষে দ্বিতীয় বিভাগ/জিপিএ ২.৭৫ থাকতে হবে।<br><br>**অভিজ্ঞতা ঃ কোন স্বীকৃত প্রতিষ্ঠানে** পরিবহন পরিচালনা সংক্রান্ত কাজে কমপক্ষে ০২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স অনূর্ধ্ব ৩২ বছর। |
| ১২ | সহকারী টেকনিশিয়ান (এসি)<br>(গ্রেড-১৮, জাতীয় বেতন কাঠামো ২০১৫: ৮,৮০০-২০,২৯০) | ০১টি | **শিক্ষাগত যোগ্যতা:** এসএসসি (বিজ্ঞান) পাশ। এসি মেকানিক সংশ্লিষ্ট কাজে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিল করা যেতে পারে। কোন স্বীকৃত কারিগরি প্রতিষ্ঠান থেকে ৬ মাস মেয়াদী ইলেকট্রিক্যাল, ইলেক্টনিক্স, এসি, ফ্রিজ এ ট্রেড কোর্স পাশ।<br><br>অভিজ্ঞতা: সংশ্লিষ্ট পদে ০২ বছরের অভিজ্ঞতা অবশ্যই থাকতে হবে। বয়স অনূর্ধ্ব ৩২ বছর। |
| ১৩ | লিফট মেকানিক<br>(গ্রেড-১৮, জাতীয় বেতন কাঠামো ২০১৫: ৮,৮০০-২০,২৯০) | ০২টি | **শিক্ষাগত যোগ্যতা:** এসএসসি (বিজ্ঞান) পাশ।<br>কোন স্বীকৃত কারিগরী প্রতিষ্ঠান থেকে কমপক্ষে ৬ মাস মেয়াদী মেকানিক্যাল ট্রেড কোর্স পাশ।<br>৫ (পাঁচ) বছরের অধিক বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিল করা যেতে পারে।<br><br>**অভিজ্ঞতা:** লিফট সংক্রান্ত কজে ০২ বছরের অভিজ্ঞতা অবশ্যই থাকতে হবে। বয়স অনূর্ধ্ব ৩২ বছর। |
| ১৪ | ল্যাব এটেনডেন্ট (পরিসংখ্যান বিভাগ ও কৃষি বিভাগ)<br>(গ্রেড-১৮, জাতীয় বেতন কাঠামো ২০১৫: ৮,৮০০-২১,৩১০) | ০২টি | **শিক্ষাগত যোগ্যতা ঃ** এসএসসি ও এইচএসসিতে কমপক্ষে জিপিএ ৩.০ সহ বিজ্ঞান বিভাগে এইচএসসি পাশ।<br>কৃষি বিভাগে আবেদনকারীকে এইচএসসিতে অবশ্যই জীব বিজ্ঞান বিষয় থাকতে হবে।<br>অথবা<br>কৃষি বিভাগের জন্য জিপিএ ৩.০ সহ কৃষিতে ডিপ্লোমাধারী আবেদন করতে পারবেন।<br>সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে। বয়স অনূর্ধ্ব ৩২ বছর। |
| ১৫ | সহকারী প্লাম্বার কাম পাম্প অপারেটর<br>(গ্রেড-১৯, জাতীয় বেতন কাঠামো ২০১৫: ৮,৫০০-২০,৫৭০) | ০১টি | **শিক্ষাগত যোগ্যতা:** এসএসসি/সমমান পাশ।<br>কারিগরী শিক্ষা বোর্ড কিংবা সরকার কর্তৃক স্বীকৃত কোন প্রতিষ্ঠান থেকে সংশ্লিষ্ট বিষয়ে ৬ মাস মেয়াদী ট্রেড কোর্স থাকলে অগ্রাধিকার দেয়া হবে।<br>পাঁচ বছরের অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিল করা যেতে পারে।<br>সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা অবশ্যই থাকতে হবে। বয়স অনূর্ধ্ব ৩২ বছর। |
| ১৬ | অফিস সহায়ক (পিয়ন/দপ্তরী)<br>(গ্রেড-২০, জাতীয় বেতন কাঠামো ২০১৫: ৮,২৫০-২০,০১০) | ০২টি | **শিক্ষাগত যোগ্যতা:** দ্বিতীয় বিভাগ/জিপিএ-২.৫০ সহ এসএসসি/সমমান পাশ। বয়স অনূর্ধ্ব ৩২ বছর। |

**আবেদনের শর্তাবলী:**

১. কর্মকর্তা ও কর্মচারী পদে আগ্রহী প্রার্থীদের বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nstu.edu.bd) থেকে নির্ধারিত আবেদন ফরম ডাউনলোড করে স্বহস্তে/কম্পিউটার কম্পোজ করে আবেদন করতে হবে।

২. উপরোক্ত কর্মকর্তা ও কর্মচারী পদে আগামী ৩০ এপ্রিল ২০২৫ এর মধ্যে (অফিস চলাকালীন সময়) নিম্নস্বাক্ষরকারী বরাবর কর্মকর্তা ৩য় গ্রেড পদে আবেদনকারীদের ০৯ সেট, ৫ম, ৬ষ্ঠ ও ৯ম গ্রেড পদে আবেদনকারীদের ০৮ সেট এবং কর্মচারী (১১তম গ্রেড হতে ২০তম গ্রেড পর্যন্ত) পদে আবেদনকারীদের ০৬ সেট আবেদন {(ক) জাতীয় পরিচয়পত্র (খ) পাসপোর্ট সাইজের ২ কপি সত্যায়িত রঙিন ছবি (গ) শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি (ঘ) অভিজ্ঞতার সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি এবং (ঙ) সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান/১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক একটি চারিত্রিক সনদ} A4 সাইজ খামে সরাসরি/ডাকযোগে জমা দিতে হবে। উক্ত তারিখের পর কোন আবেদন গ্রহণ করা হবে না।

৩. প্রত্যেক প্রার্থীকে খামের উপর তাঁর নাম-ঠিকানা ও প্রার্থিত পদের নাম স্পষ্টাক্ষরে লিখতে হবে।

৪. অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে। আবেদনকারীদের নোবিপ্রবি আয় হিসাব নম্বর ০২০০০০৫৩২৬৫৮৪, অগ্রণী ব্যাংক লিমিটেড, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখা এর বিপরীতে (অফেরতযোগ্য) গ্রেড- ৩য় হতে ৯ম পদের জন্য ২০০.০০ (দুইশত) টাকা, গ্রেড-১১তম হতে ১২তম পদের জন্য ১৫০.০০ (একশত পঞ্চাশ) টাকা, ১৩তম হতে ১৬ তম পদের জন্য ১০০.০০ (একশত) এবং ১৭তম হতে গ্রেড-২০তম পদের জন্য ৫০.০০ (পঞ্চাশ) টাকা পে-অর্ডার/অনলাইনে জমা প্রদান পূর্বক মূল রশিদ আবেদনপত্রের সাথে সংযুক্ত করে রশিদের ক্রমিক নম্বর আবেদনে উল্লেখ করতে হবে।

৫. MPQ (Minimum Prescribe Qualification) শর্ত পূরণ সাপেক্ষে অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে শর্ত শিথিল করা যেতে পারে।

৬. অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে পূর্বেকার চাকরি গণনা করে নোবিপ্রবি'র চাকরি গণনা সংশ্লিষ্ট কমিটি কর্তৃক অনুমোদনের কপি আবেদনের সময় জমা দিতে হবে।

৭. কোন প্রার্থীর বয়স প্রচারিত বিজ্ঞপ্তির শেষ তারিখ পর্যন্ত বয়স সীমার মধ্যে হতে হবে।

৮. নিয়োগের ক্ষেত্রে শিক্ষা জীবনে কোন পরীক্ষায় ৩য় শ্রেণি গ্রহণযোগ্য নয়।

৯. প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে। দ্বৈত নাগরিকত্ব গ্রহণযোগ্য নয়।

১০. চাকরিরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

১১. কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে সরকারি নিয়ম অনুসরণ করা হবে।

১২. আবেদনকারীকে আবেদন পত্রে অবশ্যই শিক্ষাগত যোগ্যতার সকল সার্টিফিকেট ও ডিগ্রি উল্লেখ করতে হবে। কোন তথ্য গোপন করলে বা উল্লেখ না করলে ভবিষ্যতে তার পরীক্ষা পাশের সার্টিফিকেট নথিতে সংযুক্ত করা হবে না এবং প্রার্থীর তথ্য গোপনের কারণে আবেদনপত্র বাতিলসহ যথাযথ আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

১৩. অনুমোদিত পদ থাকা সাপেক্ষে বিজ্ঞাপিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে।

১৪. কর্তৃপক্ষ প্রয়োজন বোধে নিয়োগ বিজ্ঞপ্তির যে কোন অংশের পরিবর্তন/পরিবর্ধন বা সম্পূর্ণ নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা রাখে।

১৫. নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

১৬. প্রযোজ্য ক্ষেত্রে লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্যে প্রার্থীকে কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৭. বর্ণিত পদে নিয়োগের ক্ষেত্রে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের নিয়োগ বিধি এবং প্রযোজ্য অন্যান্য সরকারি নিয়ম ও আনুষ্ঠানিকতা অনুসরণ করা হবে।

১৮. নির্বাচিত প্রার্থীকে মেডিকেল ডোপ টেস্টে উত্তীর্ণ হতে হবে।

**রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)**
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
নোয়াখালী-৩৮১৪